

তারিখ : 21/11/2016

কৃষীজাত পণ্যের বাজার সমিতি / বাজার গুলির সঙ্গে পঞ্জীকৃত কৃষক / বিপণনকারীদের জন্য পুনর্মূল্যায়ন

RBI/2016-17/146

DCM (Plg) No.1323/10.27.00/2016-17

নভেম্বর 21, 2016

চেয়ারম্যান / প্রাবন্ধিক নির্দেশক/ মুখ্য কার্যনির্বাহী আধিকারিক,  
রাষ্ট্রায়ত্ত (সরকারি) ব্যাঙ্ক সমূহ/ প্রাইভেট সেক্টর (বেসরকারি) ব্যাঙ্ক সমূহ / বিদেশি ব্যাঙ্ক সমূহ /  
আঞ্চলিক গ্রামীণ ব্যাঙ্ক সমূহ / শহরাঞ্চলিক সমবায় ব্যাঙ্ক সমূহ /  
রাজ্য সমবায় ব্যাঙ্ক সমূহ / জেলা কেন্দ্রীয় সমবায় ব্যাঙ্ক সমূহ

মহাশয়া /প্রিয় মহাশয়,

**বিদ্যমান ₹ 500/- এবং ₹ 1000/- ব্যাঙ্কনোটের আইনগত পেশযোগ্যতা প্রত্যাহার- পুনর্মূল্যায়ন**

অনুগ্রহ করে উপরোক্ত বিষয়ের উপর আমাদের নভেম্বর 08, 2016 তারিখাঙ্কিত **Circular No.DCM (Plg) No.1226/10.27.00/2016-17** দেখুন।

2. সমীক্ষার পর, ব্যাঙ্ক অ্যাকাউন্ট থেকে অর্থপ্রত্যাহারের সীমা সংক্রান্ত বিষয়ে কিছু পরিমার্জন করা হয়েছে যা নিম্নে প্রদত্ত হল:

**i. কৃষকদের জন্য**

কৃষকগণ তাঁদের ঋণ(কিষাণ ক্রেডিট কার্ড লিমিট সহ)অ্যাকাউন্ট অথবা আমানত অ্যাকাউন্ট থেকে প্রতি সপ্তাহে নগদরাশিতে ₹ 25000/- পর্যন্ত তুলতে অনুমতি পেলেন এই শর্তসাপেক্ষে যে তাঁদের অ্যাকাউন্টগুলি বিদ্যমান কেওয়াইসি বিধিগুলির অনুপালন করে।

**ii. এপিএমসি বাজার/ মান্ডিগুলিতে পঞ্জীকৃত কারবারীগণের জন্য**

বর্তমানে সকল কারেন্ট অ্যাকাউন্টের ধারকগণ কিছু বিধি ও শর্তাদির সাপেক্ষে তাদের কারেন্ট অ্যাকাউন্ট থেকে সপ্তাহ প্রতি ₹ 50,000/- নগদে প্রত্যাহার করতে অনুমোদনপ্রাপ্ত এবং এখন এপিএমসি বাজার/ মান্ডিগুলিতে পঞ্জীকৃত কারবারীরাগণও এই নিয়মের ব্যাপ্তির মধ্যে আসবেন। উক্ত কারবারীগণ তাঁদের কারেন্ট অ্যাকাউন্ট থেকে ₹ 50,000/- পর্যন্ত তুলতে অনুমতি পাবেন এই শর্তসাপেক্ষে যে এই অ্যাকাউন্টগুলি বিদ্যমান কেওয়াইসি বিধিগুলির অনুপালন করে এবং শেষ তিন মাস বা তার বেশী সময় জুড়ে ক্রিয়াশীল অবস্থায় আছে।

3. অনুগ্রহ করে প্রাপ্তিস্বীকার করুন।

আপনার বিশ্বস্ত,

(পি বিজয়কুমার)

মুখ্য মহা প্রবন্ধক